

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, মেহেরপুর।

ই-মেইলঃ xenmeherpurbwdb@gmail.com



Office of the Executive Engineer
Meherpur W.D Division
BWDB, Meherpur
E-mail:xenmeherpurbwdb@gmail.com

স্মারক নং-ই-২/৫২

তারিখঃ ০৭/০৭/২০২২ খ্রিঃ


২০২২-২৩ অর্থবছরে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় কার্যক্রম ও পণ্য সরবরাহ নেওয়ার লক্ষ্যে ঠিকাদার (তালিকাভুক্তি/নবায়নের) বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাপাউবো'র অধীন মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ এর আওতায় সীমিত দরপত্র পদ্ধতিতে বীধ মেরামত/পুনরাকৃতিকরণ, নদী/খাল খনন/পুনঃখনন, অফিস ভবন মেরামত ইত্যাদি কাজ ঠিকাদারের মাধ্যমে বাস্তবায়নের জন্য পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ৩ (তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য শুধুমাত্র মেহেরপুর জেলার ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি ও নবায়ন করা হবে। এমতাবস্থায় অত্র দপ্তরের আওতায় উক্ত দরপত্রে অংশগ্রহণে ইচ্ছুক ঠিকাদারগণকে তালিকাভুক্তি/নবায়নের নিমিত্ত আবেদনপত্র সংগ্রহের আহবান করা হচ্ছে।

১	মন্ত্রণালয়	পানি সম্পদ মন্ত্রণালয়।
২	সংস্থা	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৩	ক্রয়কারীর নাম	নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মেহেরপুর।
৪	আবেদনকারীর যোগ্যতা	আবেদন ফরমে বিস্তারিত উল্লেখ আছে।
৫	আবেদন ফি	আবেদন ফরম ফি বাবদ ৫০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র(রয়াক), বাপাউবো, কুষ্টিয়া বরাবর)।
৬	আবেদনপত্র দাখিল	নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মেহেরপুর এর দপ্তর।
৭	আবেদনপত্র প্রাপ্তির স্থান	নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মেহেরপুর এর দপ্তর।
৮	আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ ও সময়	২৫/০৮/২০২২ খ্রিঃ, দুপুর ১২.০০ ঘটিকা। (ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ছাড়া সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভুক্তি ফরম বিক্রয়, গ্রহণ এবং নবায়নের আবেদন গ্রহণ করা হবে না।)

উল্লেখ্য যে, ২০২১-২২ অর্থবছরে বাপাউবোর আওতায় মেহেরপুর জেলার নিবন্ধিত ঠিকাদারগণকে ২০২২-২৩ অর্থবছরের জন্য নিবন্ধন নবায়নের জন্য অনুরোধ করা হলো। ২০২২-২৩ অর্থবছরে নিবন্ধন নবায়ন ব্যতিত ঠিকাদারগণ দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন না। ঠিকাদারের আবেদনপত্র যাচাই বাছাইপূর্বক প্রাথমিক তালিকা প্রকাশিত হওয়ার পর নিবন্ধন ফি বাবদ ৫০০০/- (টাকা পাচ হাজার মাত্র) এবং নবায়ন ফি বাবদ ২০০০/- (টাকা দুই হাজার মাত্র) (প্রযোজ্য ক্ষেত্রে) উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (রয়াক), বাপাউবো, কুষ্টিয়া বরাবর অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং নির্ধারিত ফি এর ১৫% ভ্যাট চালানোর মূলকপি অত্র দপ্তরে দাখিল করতে হবে।


নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মেহেরপুর যে কোন আবেদনকারীর আবেদন কোন কারণদর্শানো ব্যতিরেকে গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


(মোঃ শাহীনুজ্জামান)
পরিচিতি নং-৬৪০১৩০০০৩
নির্বাহী প্রকৌশলী
তারিখঃ ০৭/০৭/২০২২ খ্রিঃ

স্মারক নং- ই-২/৫২/১(১৮)

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। অতিরিক্ত মহাপরিচালক, পশ্চিম রিজিয়ন, বাপাউবো, ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুষ্টিয়া পওর সার্কেল, বাপাউবো, কুষ্টিয়া। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)
- ৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বহল প্রচারিত একটি বাংলা ও একটি ইংরেজি জাতীয় দৈনিক এবং একটি স্থানীয় পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)।
- ৫। জেলা প্রশাসক, মেহেরপুর। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)
- ৬। পুলিশ সুপার, মেহেরপুর। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)
- ৭। নির্বাহী প্রকৌশলী, সওজ/গণপূর্ত/এলজিইডি/জনস্বাস্থ্য/ইইডি/ওজোপাডিকো, মেহেরপুর। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)
- ৮। উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র(রয়াক), বাপাউবো, কুষ্টিয়া।
- ৯। উপ-বিভাগীয় প্রকৌশলী, মেহেরপুর পানি উন্নয়ন উপ-বিভাগ, বাপাউবো, মেহেরপুর।
- ১০। প্রাক্কলনিক/সহকারী হিসাব রক্ষক, মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মেহেরপুর।
- ১১। অফিস কপি


নির্বাহী প্রকৌশলী
মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, মেহেরপুর।